DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 15 Aug 2026, 10:54 PM

সারাদেশ

# শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ১৫ আগস্ট ২০২৬, ০৫:৫৮ PM




ছবি প্রতিনিধি

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ।

শনিবার (১৫আগষ্ট) তাদেরকে  আদালতে প্রেরণ করা হয়েছে। এরআগে ভেড়ামারা উপজেলার বাহাদুরপুর  ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সহ-সভাপতি সোহেল রানা পবন এবং তার ভাই রুবেল মাহমুদ রতনকে শোক দিবসে নেতাকর্মীদের সংগঠিত করে খিচুড়ি রান্নার সময় গ্রেপ্তার  করা হয়।

গ্রেপ্তারকৃত সোহেল রানা পবন স্থানীয় বাহাদুরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও কার্যক্রম নিষিদ্ধ উপজেলা যুবলীগের সহ-সভাপতি। তার ভাই রুবেল মাহমুদ রতন বাহাদুরপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি

পুলিশ জানায়, বাহাদুরপুর  ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী যুবলীগ সহ-সভাপতি সোহেল রানা পবন এবং তার ভাই রুবেল মাহমুদ রতন দীর্ঘদিন ধরে গোপনে দলীয় কার্যক্রম চালিয়ে আসছিলেন।

১৫ আগস্ট শোক দিবস উপলক্ষে তারা নেতাকর্মীদের সংগঠিত করার চেষ্টা করছেন, এমন তথ্যের ভিত্তিতে শুক্রবার রাতে অভিযান চালায় পুলিশ। পরে ভেড়ামারা থানা পুলিশ ও কুচিয়ামোড়া ক্যাম্পের সদস্যরা বাহাদুরপুর ইউনিয়ন পরিষদের পাশে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে।
স্থানীয় কুচিয়ামোড়া ক্যাম্পের ইনচার্জ আব্দুস সালাম বলেন,

১৫ আগষ্ট ফ্যাসিস্টের কোন নিষেধ। এরা সংঘটিত হওয়ার জন্য চেয়ারম্যান তার ছাত্রলীগ-যুবলীগের ছেলেপেলে জড়ো করে ১৫ আগষ্ট রাতে কালো বাতি জ্বালাবেন এই ধরনের তাদের একটা পরিকল্পনা ছিল।

তিনি আরও বলেন, খেলা উপলক্ষে আমরা পিকনিক করছি এই বলে তাদের সংগঠিত করেছ। খিচুড়ি রান্না হচ্ছিল অন্য সাইডে। এমন তথ্য পাওয়ার পর ভেড়ামারা থানা পুলিশের সহযোগিতায় অভিযান চালিয়ে দুইজনকে গ্রেপ্তার করা হয়।

ভেড়ামারা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহম্মদ জাহেদুর রহমান বলেন, ১৫ আগষ্টকে কেন্দ্র করে তারা কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের কার্যক্রম করার জন্য তারা সংঘটিত হয়েছিল। তাদের গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তারের পর তাদের কোর্টে পাঠিয়ে দেয়া হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---



### দেশজুড়ে আরও টানা পাঁচ দিন বৃষ্টির আভাস

মৌসুমি বায়ু দেশের ওপর সক্রিয় থাকায় আগামী পাঁচ দিন বৃষ্টির প্রবণতা অব্যাহত থাকতে পারে। সেই সঙ্গে স্থল নিম্নচাপটি দুর্বল হয়ে লঘুচাপে পরিণত হলে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/shok-dibse-khichuri-rannar-smy-iupi-cheyarmjansh-2-jn-greptar